



রাষ্ট্রপতির অপসারণে সাংবিধানিক প্রক্রিয়া শুরু আহ্বান নাহিদ ইসলামের



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন-কে নিয়ম অনুযায়ী অপসারণের উদ্যোগ নেওয়ার দাবি জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় চিফ হুইপ মো. নাহিদ ইসলাম।

শুক্রবার রাতে রাজধানীর রামপুরায় এক শিশুহত্যার ঘটনায় শোকসন্তপ্ত পরিবারের সঙ্গে দেখা করতে গিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন।

আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে অসন্তোষ প্রকাশ করে নাহিদ ইসলাম বলেন, দেশে মব কালচার বন্ধের প্রতিশ্রুতি দেওয়া হলেও বাস্তবে তা রোধ করা যায়নি। বিভিন্ন প্রতিষ্ঠানে জনতার চাপ সৃষ্টি করে সিদ্ধান্ত বদলানো হয়েছে বলে তিনি অভিযোগ করেন। পাশাপাশি ধর্ষণসহ একাধিক অপরাধের ঘটনার বিচারপ্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুলে তিনি বলেন, অনেক ক্ষেত্রে সঠিক তদন্ত ও ন্যায়বিচার নিশ্চিত হয়নি।

তিনি আরও দাবি করেন, ভোটকেন্দ্রিক সহিংসতার ঘটনাও বিভিন্ন এলাকায় অব্যাহত রয়েছে। তার মতে, আইনশৃঙ্খলা পরিস্থিতি শক্তিশালী হলে এবং মানুষের ন্যায়বিচারের প্রতি আস্থা থাকলে এমন পরিস্থিতি তৈরি হতো না।

সংসদ অধিবেশন ও রাষ্ট্রপতির পদ নিয়ে প্রশ্নের জবাবে নাহিদ ইসলাম বলেন, রাষ্ট্রপতির দায়িত্বকাল শেষের পথে—এ অবস্থায় সংবিধান অনুযায়ী অপসারণের যে প্রক্রিয়া আছে, তা শুরু করা উচিত। এ বিষয়ে বিরোধীদল দায়িত্বশীল ভূমিকা রাখবে বলেও তিনি উল্লেখ করেন এবং সরকারি দলের কাছ থেকেও একই মনোভাব প্রত্যাশা করেন।